গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৯.৩২.০১২.১২- ৭৮

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৫ / ০৭ মার্চ ২০১৯

বিষয়: **The Printing Presses and Publications (Decalration and Registration) ACT,1973 যুগোপযোগীকরণের লক্ষ্যে ছাপাখানা ও প্রকাশনা (ঘোষনা ও নিবন্ধিতকরণ) আইন, ২০১৯ এর খসড়ার উপর মতামত প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, The Printing Presses and Publications (Declaration and Registration) ACT, 1973 যুগোপযোগীকরণের লক্ষ্যে ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিতকরণ) আইন, ২০১৯ এর খসড়া টেকিনিক্যাল কমিটি কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রস্তাবিত আইনের খসড়াটির বিষয়ে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আইনের খসড়া ১৪ (চৌদ্দ) পাতা।

৭।৩।১৯

( নাসরিন পারভীন )
উপসচিব
ফোনঃ ৯৫৪০৪৬২
e-mail: as.press@moi.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা **(আইনের খসড়ার উপর সর্বসাধারণের মতামতের জন্য ১৫ (পনের) দিনের সময় দিয়ে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা

## প্রস্তাবিত ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ) আইন-২০১৯ (সংশোধিত)

ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ) আইন, ২০১৯ (সংশোধিত)

ছাপাখানা রাখিবার জন্য নাম, মালিকানা ও মুদ্রণের ঘোষণা এবং সংবাদপত্রের নাম, প্রকাশনা ও মালিকানার ঘোষণা এবং ছাপাখানা, সংবাদপত্র ও পুস্তক নিবন্ধীকরণের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু প্রযুক্তির ব্যাপক উন্নয়ন ও প্রসারের কারণে বিদ্যমান বিষয়সমূহে দ্রুত পরিবর্তন ঘটেছে ও ঘটছে;
যেহেতু সংবাদপত্রকে শিল্প ঘোষণা করা হয়েছে এবং বিভিন্ন শিল্পগ্রুপ সংবাদপত্র পরিচালনা করছে;
যেহেতু বিদেশী সংবাদপত্র আমদানী ও বিক্রয় বেড়েছে;
যেহেতু ছাপাখানা অধিকারে রাখার জন্য নাম, মালিকানা ও মুদ্রণের ঘোষণা এবং অনলাইনসহ সকল সংবাদপত্রের নাম, প্রকাশনা ও মালিকানার ঘোষণা এবং ছাপাখানা, সংবাদপত্র ও পুস্তক নিবন্ধীকরণের উদ্দেশ্যে, এবং উহার সহিত সম্পর্কিত বিষয়ে বিধান করা সমীচীন;
যেহেতু সংবাদপত্রে বিজ্ঞাপন বিতরণ, মিডিয়া তালিকাভূক্তি এবং প্রচারসংখ্যা নির্ধারণ ইত্যাদি বিষয়ে বিধান করা প্রয়োজন; এবং
যেহেতু ১৯৭৩ সালে এবিষয়ে প্রণীত আইনটি বর্তমান সময়ের প্রেক্ষাপটে পর্যাপ্ত ও যথাযথ বিবেচিত না হওয়ায় ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ) আইনটিকে আধুনিক ও যুগোপযোগী করা প্রয়োজন;
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :-

### অংশ-১
### প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :
(১) এই আইন ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ) আইন, ২০১৯ (সংশোধিত) নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
২। সংজ্ঞা :
বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আইনে,-
(ক) 'ডিক্লারেশন' বা 'প্রমাণীকরণ ঘোষণা' অর্থ ধারা ৮ এর অধীন ঘোষিত ও স্বাক্ষরিত এবং ধারা ১৪ এর অধীন প্রমাণীকরণ অথবা প্রমাণীকরণ হিসাবে গণ্য কোনো ঘোষণা ;
(খ) "পুস্তক" অর্থ যে কোনো ছাপাখানা বা কম্পিউটার ল্যাব থেকে যে কোনো ভাষায় মুদ্রিত অথবা খোদাইকৃত (Lithographed) বই অথবা ই-বুক বইয়ের প্রতিটি ভলিউম বা কোনো ভলিউমের অংশ বা ভাগ বা জার্নাল অথবা বাঁধাইবিহীন সম্পূর্ণ বা আংশিক অধ্যায়, মানচিত্র, চিত্র, গানের স্বরলিপি বা শীট, চার্ট বা নকশা ইত্যাদি বুঝাইবে।
(গ) 'দলিল' অর্থে যে কোনো প্রকাশনার কাজে ব্যবহৃত লিখনী, চিত্র, অংকন, আলোকচিত্র, কম্পিউটার প্রিন্ট ও গ্রাফিক্স এবং ডিভিডি, ইউএসবি, হার্ডড্রাইভ বা অন্য যে কোনো ইলেকট্রনিক্স ডিভাইসে প্রকাশিত উল্লিখিত তথ্যাদিসহ অন্য যে কোনভাবে দৃষ্টিগ্রাহ্য বিষয় বা বিষয়সমূহকে বুঝাইবে;
(ঘ) "সম্পাদক" বলিতে কোন ব্যক্তি যিনি পুস্তক বা সংবাদপত্রে প্রকাশিত বিষয় নির্বাচন ও নিয়ন্ত্রণ করেন।
(ঙ) "ফরম" বলিতে তফসিলে বর্ণিত কোনো ফরম;
(চ) "সংবাদপত্র" বলিতে কাগজে মুদ্রিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে (অনলাইন ইত্যাদি) প্রকাশিত গণসংবাদ বা গণসংবাদের উপর মন্তব্যসহ কোন সাময়িকী, এবং সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সংবাদপত্র হিসাবে ঘোষিত, এইরূপ যে কোনো শ্রেণীর সাময়িকী বুঝাইবে; অনলাইনে প্রকাশিত সংবাদপত্রও এর অন্তর্ভূক্ত বলে গণ্য হইবে।
(ছ) "সংবাদ-শীট" বা 'বুলেটীন' অর্থ কাগজে মুদ্রিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে (অনলাইন ইত্যাদি) এক বা একাধিক পৃষ্ঠায় প্রকাশিত গণসংবাদ বা গণসংবাদের উপর মন্তব্যসহ, কোনো সংবাদপত্র ব্যতীত, অন্য কোনো দলিল বুঝাইবে;
(ঝ)"প্রেস আপীল বোর্ড" অর্থ ধারা ৩-এর অধীন গঠিত প্রেস আপীল বোর্ড;
(ঞ) "কাগজ" বলিতে কোনো দলিল, প্রচারপত্র, সংবাদপত্র, সংবাদ-শীট, বুলেটীন, বইয়ের প্রতি পৃষ্ঠা, মানচিত্র শীট এবং পোস্টার ইত্যাদি বুঝাইবে এবং অনলাইনে প্রকাশিত প্রতি পৃষ্ঠাও এর অন্তর্ভুক্ত হইবে;
(ট)"নির্ধারিত" বলিতে বিধিমালা দ্বারা নির্ধারিত;
(ঠ) "প্রেস বা মুদ্রণযন্ত্র" অর্থ মুদ্রণের উদ্দেশ্যে ব্যবহৃত ইহার সকল ইঞ্জিন, যন্ত্রপাতি, ছাপার হরফ, লিথোগ্রাফিক স্টোন, কারিগরী যন্ত্র, স্বয়ংক্রিয় অফসেট মেশিন, বাই কালার-ফোর কালার যন্ত্র, ছাপা ও ডিজাইন করার কাজে ব্যবহৃত কম্পিউটার ল্যাবসহ যে

২৬.০২.১৭
তাজকিয়া আকবারী
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

সেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

ন ইলেকট্রনিক ও মেকানিক্যাল যন্ত্র ও যন্ত্রাংশ তা যে নামেই অবহিত করা হোক, সরঞ্জামাদি এবং অন্যান্য সকল স্থাপনা (plant) এবং উহার অংশ ও একাধিক দলিল ছাপার জন্য সকল উপকরণ অন্তর্ভুক্ত হইবে;

(ড) "মুদ্রাকর" বলিতে কোনো ব্যক্তি যিনি পুস্তক বা কাগজ বা সংবাদপত্র মুদ্রণের জন্য কোনো প্রেস বা মুদ্রণযন্ত্রের বা ছাপাখানার মালিক হন বা তাহা দখলে রাখেন;

(ঢ) "ছাপাখানা" অর্থ একটি প্রতিষ্ঠান যেখানে মুদ্রণের উদ্দেশ্যে ব্যবহৃত সকল ইঞ্জিন, যন্ত্রপাতি, ছাপার হরফ, লিথোগ্রাফিক স্টোন, কারিগরী যন্ত্র, স্বয়ংক্রিয় অফসেট মেশিন, বাই কালার-ফোর কালার যন্ত্র, ছাপা ও ডিজাইন করার কাজে ব্যবহৃত কম্পিউটার ল্যাবসহ যে কোন ইলেকট্রনিক ও মেকানিক্যাল যন্ত্র, যন্ত্রাংশ ও সরঞ্জামাদি তা যে নামেই অবহিত করা হোক, এবং অন্যান্য সকল স্থাপনা (plant) বা দ্রব্যাদিসহ ইলেট্রিক্যাল, ইলেকট্রনিক বা মেকানিক্যাল মুদ্রণযন্ত্র স্থাপিত আছে।

(ণ)"প্রকাশক" অর্থ কোনো ব্যক্তি, যিনি কোনো পুস্তক বা কাগজ, ইলেকট্রনিক্সসহ অন্য যে কোনো উপায়ে প্রকাশের জন্য দায়িত্বপ্রাপ্ত থাকেন বা নিয়ন্ত্রণের দায়িত্বে থাকেন এবং সংশ্লিষ্ট প্রেস/ছাপাখানা/ সংবাদপত্র এবং অনলাইন সংবাদপত্রের প্রকাশনা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীও উহার অন্তর্ভুক্ত হইবেন;

(ত)"অননুমোদিত সংবাদপত্র" অর্থ কোনো সংবাদপত্র যার সম্পর্কে ধারা ৮ এর অধীন আপাতত: কোনো বৈধ প্রমাণীকরণ ঘোষণাপত্র নাই;

(থ)"অননুমোদিত সংবাদ-শীট" অর্থ ধারা ২৪ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি কর্তৃক প্রকাশিত সংবাদ-শীট ব্যতীত কোনো সংবাদ-শীট বা বুলেটীন;

(দ) "অননুমোদিত প্রেস" অর্থ এইরূপ কোনো প্রেস, ধারা ৫ এর অধীন যার কোনো বৈধ প্রমাণীকরণ ঘোষণাপত্র নাই।

(ধ) "পত্রিকার নাম" অর্থ এই আইনের ৯ ধারা অনুযায়ী যে নামে পত্রিকা প্রকাশের জন্য নিবন্ধন কর্মকর্তা কর্তৃক নামের ছাড়পত্র প্রদান করা হয়েছে; এবং

(ন) "নিবন্ধন কর্মকর্তা" অর্থ বাংলাদেশের সার্বভৌম সীমানার মধ্যে যে কোন সংবাদপত্র, ছাপাখানা ও পুস্তক নিবন্ধনের উদ্দেশ্যে এই আইনের ৩২ ধারা মোতাবেক সরকার কর্তৃক নিযুক্ত কর্মকর্তা এবং তাহার অধীনস্থ অন্যান্য কর্মকর্তাগণকে বুঝাইবে।

(প) "নিবন্ধন নম্বর" বলিতে নিবন্ধন কর্মকর্তা কর্তৃক সংবাদপত্র ও ছাপাখানার ক্ষেত্রে এই আইনের ৯ ধারা অনুযায়ী নামের ছাড়পত্র প্রদানের ক্রমিক নম্বর এবং পুস্তক এর ক্ষেত্রে গেজেট তালিকায় সংশ্লিষ্ট পুস্তকের ক্রমিক নম্বর ও সাল -কে বুঝাইবে।

(ফ) 'ছাপাখানার সংরক্ষক' অর্থ যাহার নামে ছাপাখানার ঘোষণাপত্র প্রদান করা হইয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে।

(ব) 'ছাপাখানার নাম' অর্থ এই আইনের ৯ ধারা অনুযায়ী যে নামে ছাপাখানা স্থাপনের জন্য নিবন্ধন কর্মকর্তা কর্তৃক নামের ছাড়পত্র প্রদান করা হইয়াছে।

(ভ)'কোম্পানী' অর্থ কোম্পানী আইন ২০০০ এর অধীনে গঠিত কোন ব্যবসায়িক প্রতিষ্ঠান, যাহা কোন সংবাদপত্র বা সাময়িকী প্রকাশনা ও পরিচালনা করে বা করার উদ্দেশে গঠিত হইয়াছে।

(ম) 'বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা' অর্থ এই আইনের ধারা ২৮ এ বর্ণিত বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা, ২০০৮।

(য) 'নিরীক্ষা নীতিমালা' অর্থ এই আইনের ধারা ২৯ এ বর্ণিত নিরীক্ষা নীতিমালা।

(র) 'ইনসার্শন' অর্থ একটি বিজ্ঞাপন যে সকল পত্রিকায় ছাপানোর জন্য আদেশ প্রদান করা হয়, তার সংখ্যা।

(ল) 'অনলাইন নীতিমালা' অর্থ এই আইনের ধারা ৬ এ বর্ণিত অনলাইন নীতিমালা, ২০১৭।

## অংশ-২
## প্রেস আপীল বোর্ড

৩। প্রেস আপীল বোর্ড:

সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে একটি প্রেস আপীল বোর্ড গঠন করিবে, যথাঃ-

(ক)প্রেস কাউন্সিল এ্যাক্ট, ১৯৭৪ (১৯৭৪ সনের ২৫ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত প্রেস কাউন্সিলের চেয়ারম্যান, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ)চেয়ারম্যান কর্তৃক মনোনীত উক্ত প্রেস কাউন্সিলের একজন সদস্য বা প্রেস কাউন্সিলের সদস্য হওয়ার যোগ্য অনুরূপ একজন সদস্য;

(গ) সরকার কর্তৃক মনোনীত যুগ্ম সচিব পদমর্যাদার নিম্নে নহেন প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্ত এরূপ একজন কর্মকর্তা।

(ঘ) নিবন্ধন কর্মকর্তা এই বোর্ডে সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

## অংশ-৩
## ছাপাখানা

৪। পুস্তক এবং সংবাদপত্রে মুদ্রিতব্য বিষয় :

বাংলাদেশে মুদ্রিত প্রত্যেকটি পুস্তক এবং সংবাদপত্রে মুদ্রাকরের নাম ও মুদ্রণের স্থান এবং যদি পুস্তক বা সংবাদপত্রটি প্রকাশ করা হয়, তাহা হইলে উহাতে সুস্পষ্টভাবে প্রকাশকের নাম এবং প্রকাশনার স্থান মুদ্রণ করিতে হইবে।

সেলিনা আক্তার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

৫। ছাপাখানার সংরক্ষক (keeper) কর্তৃক ঘোষণা প্রদান :

(১) কোনো ব্যক্তি পুস্তক বা কাগজ ছাপাইবার জন্য তাহার দখলে কোনো ছাপাখানা রাখিতে পারিবে না, যদি না তিনি, উক্ত ছাপাখানাটি যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত, সেই জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে ফরম-ক তে ঘোষণা প্রদান এবং উহাতে স্বাক্ষর প্রদান করেন

(২) যতবারই কোনো ছাপাখানার অবস্থানের পরিবর্তন ঘটিবে, ততবারই নূতন করিয়া ঘোষণা প্রদানের প্রয়োজন হইবে; তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে এইরূপ পরিবর্তনের মেয়াদ ষাট দিনের অধিক না হয়, এবং ছাপাখানাটির পরিবর্তিত স্থান একই জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে হয়, সেইক্ষেত্রে নূতন করিয়া ঘোষণা প্রদানের প্রয়োজন হইবে না, যদি -

(ক) ছাপাখানা স্থাপনের জন্য ফরম 'ক' তে ঘোষণা প্রদানের পূর্বে নিবন্ধন কর্মকর্তা থেকে নামের ছাড়পত্র ও নিবন্ধন নম্বর গ্রহণ করেন।

(খ) উক্ত ছাপাখানার সংরক্ষক একই ব্যক্তি হন;

(গ) ছাপাখানার অধিক্ষেত্র পরিবর্তনের চব্বিশ ঘন্টার মধ্যে উক্ত ছাপাখানার সংরক্ষক পরিবর্তনের বিষয়টি জেলা ম্যাজিস্ট্রেট ও তথ্য মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করেন। এবং

(ঘ) জেলা ম্যাজিস্ট্রেট ও তথ্য মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করার অনুলিপি নিবন্ধন কর্মকর্তাকে প্রদান করেন।

(৩) কোনো পত্রিকার প্রকাশনার জন্য ছাপাখানার সংরক্ষক বা মুদ্রাকরকে সরকার কর্তৃক নির্ধারিত হারে বাৎসরিক ফি প্রদান করিতে হইবে। উক্ত ছাপাখানায় একাধিক পত্রিকা প্রকাশিত হইলে প্রতিটির জন্য একই হারে ফি প্রদান করিতে হইবে।

## অংশ-৪
## সংবাদপত্রের মুদ্রণ ও প্রকাশনা

৬। সংবাদপত্র প্রকাশনা :

এই অংশের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ না হইলে এবং এতদ্সম্পর্কে প্রমাণীকৃত ঘোষণাপত্র বিদ্যমান না থাকিলে, কোনো সংবাদপত্র মুদ্রণ বা প্রকাশ করা যাইবে না। অনলাইনে প্রকাশিত সংবাদপত্রের ক্ষেত্রেও এই বিধান প্রযোজ্য হইবে। অনলাইন পত্রিকার অন্যান্য বিষয় অনলাইন নীতিমালা ২০১৭ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

৭। সম্পাদকের নাম সংবাদপত্রে ছাপাইতে হইবে :

প্রত্যেক সংবাদপত্রের প্রতি কপিতে সম্পাদকের নাম সম্পাদক হিসাবে সুস্পষ্টভাবে মুদ্রণ করিতে হইবে এবং একই ব্যক্তি একই সঙ্গে দুইটির বেশি দৈনিক পত্রিকার সম্পাদক হইতে পারিবেন না।

৮। মুদ্রাকর এবং প্রকাশকের ঘোষণা :

(ক) সংবাদপত্রের মুদ্রাকর এবং প্রকাশক ব্যক্তিগতভাবে অথবা এতদুদ্দেশ্যে বিধিমালা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে এইরূপ সংবাদপত্র মুদ্রিত বা প্রকাশিত হইবে, সেই জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া, ফরম-খ তে মূল কপিসহ প্রতিটি অনুলিপিতে স্বাক্ষর ও ঘোষণা প্রদান করিবেন।

(খ) ঘোষণাপত্রের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি সরকারি কোষাগারে জমা দিতে হইবে। সরকার গেজেট নোটিফিকেশনের মাধ্যমে বিধিমালা দ্বারা উক্ত ফি ধার্য করিবেন এবং সময় সময় উহা সংশোধন করিতে পারিবেন।

৯। নিবন্ধন নম্বর ও নামের ছাড়পত্র :

(ক) সংবাদপত্রের মুদ্রাকর এবং প্রকাশক ব্যক্তিগতভাবে অথবা এতদুদ্দেশ্যে বিধিমালা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে এইরূপ সংবাদপত্র মুদ্রিত বা প্রকাশিত হইবে, সেই জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে নিবন্ধন কর্মকর্তার নিকট থেকে নিবন্ধন নম্বর ও নামের ছাড়পত্র গ্রহণ করিবেন।

(খ) উপধারা (ক)এর অনুরূপভাবে ছাপাখানার ক্ষেত্রে ছাপাখানার সংরক্ষক ব্যক্তিগতভাবে অথবা এতদুদ্দেশ্যে বিধিমালা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে এইরূপ ছাপাখানা স্থাপিত হইবে, সেই জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে নিবন্ধন কর্মকর্তার নিকট হইতে ছাপাখানার নামের ছাড়পত্র ও নিবন্ধন নম্বর গ্রহণ করিবেন।

(গ) জেলা ম্যাজিস্ট্রেট নিবন্ধন কর্মকর্তার নিকট থেকে নিবন্ধন নম্বর ও নামের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রমাণিকরণ ঘোষণাপত্র প্রদানের বিষয় বিবেচনা করিবেন।

(ঘ) নিবন্ধন নম্বর ও নামের ছাড়পত্রের জন্য এককালীন ১০০০/-(এক হাজার) টাকা ফি সরকারি কোষাগারে জমা দিতে হইবে। সরকার প্রজ্ঞাপনের মাধ্যমে বা বিধিমালা দ্বারা সময় সময় উক্ত ফি নির্ধারণ ও পরিবর্তন করিতে পারিবেন।

২৬.০২.১৯
তাজকিরা আকবারী
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

সেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

১০। প্রাথমিক অনুমতি বাধ্যতামূলক:
ধারা ৯(ক) বিধান সাপেক্ষে নামের ছাড়পত্র গ্রহণের ১ (এক) বছরের মধ্যে সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেটের প্রাথমিক অনুমতি ব্যতীত কোন সংবাদপত্র বা সাময়িকীর প্রথম সংখ্যা বা কপি মুদ্রণ করা যাইবে না।

১১। কোনো নাবালক মুদ্রাকর, প্রকাশক বা সম্পাদক হইতে পারিবে না :
কোনো ব্যক্তি সাবালকত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৯ নং আইন) এর বিধান অনুযায়ী অথবা সাবালকত্ব অর্জনে তাহার ক্ষেত্রে যে আইন প্রযোজ্য সেই আইন অনুযায়ী সাবালকত্ব অর্জন না করিলে, ধারা ৮ এর অধীন ঘোষণা প্রদান করিতে পারিবে না অথবা অনুরূপ কোনো ব্যক্তি সংবাদপত্র সম্পাদনা করিতে পারিবে না।

১২। কোম্পানীর দ্বারা সংবাদপত্র পরিচালনার বিধান:
(১) কোম্পানী আইন ২০০০ অনুযায়ী গঠিত কোন কোম্পানী সংবাদপত্র প্রকাশ করিতে চাহিলে ঐ কোম্পানীর নামে ধারা ১৭ অনুযায়ী প্রমাণীকরণ ঘোষণাপত্র গ্রহণ করিতে হইবে।
(২) সংবাদপত্রে প্রকাশিত সংবাদসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে সম্পাদকের পাশাপাশি কোম্পানীর দায়িত্বে নিয়োজিত পরিচালকগণও দায়ী থাকিবেন।

১৩। সংবাদপত্র প্রকাশ না করিবার ফলাফল :
(১) ধারা ৮ এর অধীন ঘোষণা প্রদান করা হইয়াছে এইরূপ কোনো সংবাদপত্র যদি না প্রমাণীকরণের তারিখ হইতে তিন মাসের মধ্যে অথবা ধারা ১৭ এর অধীন অনুরূপ ঘোষণা প্রমাণীকৃত হইয়াছে মর্মে গণ্য হইবার তারিখ হইতে তিন মাসের মধ্যে প্রকাশিত না হয়, তাহা হইলে উক্ত ঘোষণা বাতিল হইয়া যাইবে।
(২) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন কোনো ঘোষণা বাতিল হয়, সেইক্ষেত্রে উক্ত সংবাদপত্র মুদ্রণ অথবা প্রকাশ করিবার পূর্বে মুদ্রাকর এবং প্রকাশককে ধারা ৮ এর অধীন নূতন করিয়া স্বাক্ষর ও ঘোষণা প্রদান করিতে হইবে, এবং এইরূপ নূতন ঘোষণাপত্র এবং পরবর্তী কোনো নূতন ঘোষণার ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।
(৩) প্রকাশিত হইতেছিল এমন কোন দৈনিক সংবাদপত্রের ক্ষেত্রে তিন মাস এবং সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্রের ক্ষেত্রে যেকোনো ছয় মাস সময়কালে যে কয়টি সংখ্যা প্রকাশিত হইবার কথা তাহার অর্ধেকের কম সংখ্যা প্রকাশিত হইলে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সুপারিশক্রমে ও তথ্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে
জেলা ম্যাজিস্ট্রেট ঘোষণাপত্রের কার্যকারিতা অবসানের আদেশ করিবেন এবং সংবাদপত্র পুনঃপ্রকাশের জন্য নতুন করিয়া মূল ঘোষণাপত্র প্রমাণীকরণ করাইতে হইবে।
(৪) উপধারা ৩-এ উল্লেখিত হয় নাই এমন অন্যান্য সংবাদপত্রের ক্ষেত্রে এক বছরের অধিক সময়কাল ধরে প্রকাশিত না হইলে উপধারা (৩) এ বর্ণিত পদ্ধতিতে ঘোষণাপত্রের কার্যকারিতার অবসান হইবে এবং সংবাদপত্র পুনঃপ্রকাশের জন্য নতুন করিয়া ঘোষণাপত্র প্রমাণীকরণ করাইতে হইবে।

১৪। প্রকাশনার ভাষা, মেয়াদকাল বা স্থান পরিবর্তনের ফলাফল :
যদি ধারা ৮ এর অধীন ঘোষণা প্রদানের পর যেকোন সময়, যে সংবাদপত্রের ঘোষণাটি প্রদান করা হইয়াছে, উক্ত সংবাদপত্রটির ঘোষণায় বিধৃত ভাষা, মেয়াদকাল বা স্থান ব্যতীত অন্য কোনো ভাষায় বা ভাষাসমূহে, মেয়াদে বা স্থানে মুদ্রিত বা প্রকাশিত হয়, তাহা হইলে উক্ত ঘোষণাটি বাতিল হইয়া যাইবে, এবং ধারা ৮ এর অধীন ঘোষণা প্রদান না করা পর্যন্ত পরবর্তীতে উক্ত সংবাদপত্রের মুদ্রণ এবং প্রকাশনা অননুমোদিত হইবে, কিন্তু অনূর্ধ্ব ত্রিশ দিনের মধ্যে শুধু একবারের অথবা যে কোন দুর্যোগজনিত কারণে উক্ত মুদ্রণ অথবা প্রকাশনার স্থানের সাময়িক কোনো পরিবর্তনের ক্ষেত্রে এই ধারার কোনো কিছুই প্রযোজ্য হইবে না, যদি এইরূপ সাময়িক পরিবর্তন বাহাত্তর ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটকে অনুরূপ বিষয়টি নির্ধারিত পদ্ধতিতে অবহিত করা হয়।

১৫। মিথ্যা সংবাদ প্রকাশের ফলাফল:
সংবাদপত্রে মিথ্যা সংবাদ প্রকাশিত হইলে তাহা অপরাধ হিসেবে গণ্য হইবে। এই অপরাধ প্রমাণিত হইলে ধারা ৪১(২) এর অধীন দন্ড আরোপিত হইবে।

১৬। মুদ্রাকর বা প্রকাশকের বাংলাদেশ ত্যাগের ফলাফল :
যদি কোনো সময় ধারা ৮ এর অধীন ঘোষণা প্রদানকারী মুদ্রাকর বা প্রকাশক ঘোষণা প্রদান করিয়া, বাংলাদেশ ত্যাগ করেন, তাহা হইলে উক্ত ঘোষণা বাতিল হইয়া যাইবে, যদি না-
(ক) বাংলাদেশ হইতে উক্ত মুদ্রাকর বা প্রকাশকের অনুপস্থিতির মেয়াদ অনূর্ধ্ব ছয় মাস হয়; এবং
(খ) যে জেলা ম্যাজিস্ট্রেটের স্থানীয় অধিক্ষেত্রে সংবাদপত্রটি মুদ্রিত ও প্রকাশিত হয়, সেই জেলা ম্যাজিস্ট্রেটকে, উক্ত মুদ্রাকর বা প্রকাশক তাহার চাহিত সাময়িক অনুপস্থিতি এবং তাহার অনুপস্থিতিতে এবং তাহার পক্ষে যে ব্যক্তি মুদ্রাকর বা প্রকাশকের

২৬.০২.১৯
তাজকিয়া আকবারী
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

শেলীনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

২৬/২/১৯

দায়িত্ব পালন করিবেন, সেই ব্যক্তি সম্পর্কে লিখিতভাবে অবহিত করেন এবং জেলা ম্যাজিস্ট্রেটের নিকট সেই ব্যক্তি কর্তৃক উক্ত দায়িত্ব গ্রহণের বিষয়ে লিখিত বিবরণ দাখিল করেন।

১৭। ঘোষণাপত্র প্রমাণীকরণ (Authentication) :

(১) ধারা ৮ এর অধীন প্রদত্ত ও স্বাক্ষরিত প্রতিটি ঘোষণাপত্রের মূলকপির অনুলিপি, যে জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে প্রদান করা হইয়াছে, উহা উপ-ধারা (২) এর বিধানাবলী সাপেক্ষে, সেই জেলা ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও অফিসিয়াল সীলমোহর এর মাধ্যমে প্রমাণীকৃত হইতে হইবে।

(২) জেলা ম্যাজিস্ট্রেট ঘোষণাপত্রটি প্রমাণীকরণের পূর্বে নিম্নবর্ণিত বিষয়গুলো সম্পর্কে নিশ্চিত হইয়া তথ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করিবেন।

(ক) মুদ্রাকর ও প্রকাশক বাংলাদেশের নাগরিক;

(খ) প্রকাশনার জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিবন্ধন কর্মকর্তার নিকট হইতে প্রস্তাবিত পত্রিকার নামের ছাড়পত্র ও নিবন্ধন নম্বর গ্রহণ করা হইয়াছে।

(গ) মুদ্রণের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিবন্ধন কর্মকর্তার নিকট হইতে প্রস্তাবিত ছাপাখানার নামের ছাড়পত্র ও নিবন্ধন নম্বর গ্রহণ করা হইয়াছে।

(ঘ) পত্রিকার নামের (মাস্টহেড) লিখন পদ্ধতি (টাইপোগ্রাফি) ও নিবন্ধন নম্বর অন্য কোনো পত্রিকার (মাস্টহেড) ও নিবন্ধন নম্বরের সাথে মিল নাই। (ঙ)একই ভাষায় পূর্ব হইতে প্রকাশিত কোনো সংবাদপত্রের নামের সঙ্গে হুবহু মিলিয়া যায় নাই। (চ)ভিন্ন মেয়াদে প্রকাশিত একই প্রকাশক কর্তৃক প্রকাশিত বা একই সংবাদপত্রের অন্য স্থান হইতে প্রকাশিত অন্য কোনো সংস্করণের নামের সঙ্গে মিল নাই;

(ছ)একই নাম বাংলা ও ইংরেজী দুইটি পৃথক পত্রিকার ক্ষেত্রে ব্যবহার করা হয় নাই;

(জ) পত্রিকার নাম দেশীয় কৃষ্টি ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ;

(ঝ) পত্রিকার নামের ছাড়পত্র প্রদানের এক বৎসরের মধ্যে পত্রিকা প্রকাশিত হইয়াছে ;এবং

(ঞ) ইতোপূর্বে প্রকাশিত হইতো কিংবা হইতেছিল এইরূপ কোনো পত্রিকার নাম পুনরায় ব্যবহার করা যাইবে না বা অন্য কেহ নামের ছাড়পত্র গ্রহণ করিতে পারিবেন না যদি না ঐ পত্রিকার ঘোষণাপত্র বাতিল হইবার পর এক বৎসর সময়কাল অতিক্রান্ত হয়।

(ট) মুদ্রাকর বা প্রকাশক ধারা ৮ এর অধীন তাহার ঘোষণা এবং স্বাক্ষর প্রদানের তারিখ হইতে পূর্ববর্তী পাঁচ বৎসরের মধ্যে নৈতিক স্খলনজনিত অপরাধে দন্ডিত হন নাই;

(ঠ) মুদ্রাকর বা প্রকাশক কোনো আদালত কর্তৃক উন্মাদ বা অপ্রকৃতিস্থ বলিয়া সাব্যস্ত হন নাই;

(ড) প্রকাশকের বা স্বত্বাধিকারীর সংবাদপত্রটি নিয়মিত প্রকাশনার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান, টিন (TIN) / বিন (BIN) রহিয়াছে এবং প্রতিবৎসর নিয়মিত আয়কর প্রদান করিয়া থাকেন;

[ব্যাখ্যা।- যদি কোন স্বত্বাধিকারী বা প্রকাশকের নিকট, সরকার কর্তৃক, সময় সময়, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে নির্ধারিত ব্যাংক ব্যালেন্স থাকে, তাহা হইলে কোন সংবাদপত্র নিয়মিত প্রকাশনার জন্য তাহার প্রয়োজনীয় অর্থ সংস্থান রহিয়াছে মর্মে গণ্য হইবে।]

(ঢ) সম্পাদকের শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক বা সমমান এবং সাংবাদিকতা পেশায় নিম্নরূপ অভিজ্ঞতা;

(১) দৈনিক পত্রিকার ক্ষেত্রে কোনো পত্রিকায় সাংবাদিকতা ও সম্পাদনায় ১৫ (পনেরো) বৎসর;

(২) সাপ্তাহিক / পাক্ষিক / মাসিক ও অন্যান্য পত্রিকার ক্ষেত্রে সাংবাদিকতা ও সম্পাদনায় ১০ (দশ) বৎসর;

(৩) সম্পাদক হইতে আগ্রহী সাংবাদিক বাংলাদেশের যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের সনদপত্র অর্জন করিয়া সাংবাদিকতা পেশায় প্রবেশ করিতে হইবে।

(৩) তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর জেলা ম্যাজিস্ট্রেট উপধারা(২) এর অধীন ঘোষণাপত্র প্রমাণিতরণ করিতে পারিবেন। তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর যদি জেলা ম্যাজিস্ট্রেট ঘোষণাটি প্রমাণীকরণ করিতে অস্বীকার করেন, অথবা উপধারা(২) অনুযায়ী তত্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করিতে অস্বীকার করেন, তাহা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি, এইরূপ অস্বীকৃতি প্রদানের পঁয়তাল্লিশ দিনের মধ্যে প্রেস আপীল বোর্ডে আপীল করিতে পারিবেন, যাহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) ঘোষণাপত্র দাখিলের নব্বই দিনের মধ্যে যদি জেলা ম্যাজিস্ট্রেট উক্ত ঘোষণাপত্রটি প্রমাণীকরণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে উক্ত ঘোষণা প্রদানকারী ব্যক্তি, উক্ত ঘোষণাপত্রে প্রমাণীকরণের নির্দেশ প্রদানের আবেদন জানাইয়া প্রেস আপীল বোর্ড এর নিকট আবেদন করিতে পারিবেন, এবং প্রেস আপীল বোর্ড উক্ত আবেদনের বিষয়ে যেইরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবেন।

১৮। প্রমাণীকৃত ঘোষণাপত্রের কপি জমা ও মিডিয়া তালিকাভূক্তি :

(১) ধারা ১৭ এর অধীন প্রমাণীকৃত ঘোষণাপত্রের মূলকপির একটি করিয়া অনুলিপি জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয় এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিবন্ধন কর্মকর্তার নিকট জমা দিতে হইবে।

(২) উপধারা(১) অনুযায়ী প্রমাণীকরণ ঘোষণাপত্রের অনুলিপি জমার পর নিরীক্ষা নীতিমালা অনুসরণ করিয়া চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের অডিট ব্যুরো অব সার্কুলেশন (এবিসি) সংবাদপত্রের মিডিয়া তালিকাভূক্তি সম্পন্ন করিবে।

২৬.০২.১৯

সেলিনা আক্তার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

১৯। ঘোষণাপত্রের কপি অবলোকন ও সরবরাহ :
ঘোষণাপত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ধারা ১৮ এর অধীন জমাকৃত প্রতিটি মূল ঘোষণাপত্র সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে যে কোন ব্যক্তিকে অবলোকনের অনুমতি প্রদান করিতে এবং উক্ত ঘোষণাপত্র যে দপ্তরের তত্ত্বাবধানে রহিয়াছে, উহার দাপ্তরিক সীলমোহর দ্বারা উক্ত মূল ঘোষণাপত্রের অনুলিপি সত্যায়িত করিয়া যে কোনো ব্যক্তিকে সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সরবরাহ করিতে পারিবেন।

২০। ঘোষণাপত্রের বা সংবাদপত্রের কপি গ্রহণযোগ্য সাক্ষ্য প্রমাণ হিসাবে গণ্য হইবে :
ভিন্নরূপ প্রমাণিত না হইলে কোনো দেওয়ানী, ফৌজদারী বা অন্যবিধ আইনগত কার্যক্রমে ধারা ১৯ এ নির্ধারিত পদ্ধতিতে সত্যায়িত ঘোষণাপত্রের কপি এবং সম্পাদক হিসাবে পত্রিকায় প্রকাশিত ব্যক্তির নাম সম্বলিত একটি কপি, ঘোষণাপত্রে যিনি স্বাক্ষর করিয়াছেন বা ক্ষেত্রমত, সংবাদপত্রে যাহার নাম ছাপা হইয়াছে, উক্ত ব্যক্তির বিরুদ্ধে এই মর্মে পর্যাপ্ত সাক্ষ্য হিসাবে গণ্য হইবে যে, তিনিই পত্রিকার মুদ্রাকর বা প্রকাশক অথবা ঘোষণাপত্রে উল্লিখিত কোনো শিরোনামাধীন পত্রিকার প্রতি কপির প্রত্যেক অংশের মুদ্রাকর এবং প্রকাশক (উক্ত ঘোষণাপত্রে ব্যবহৃত শব্দ অনুযায়ী) অথবা উক্তরূপে প্রকাশিত সংবাদপত্রের প্রত্যেক কপির প্রতিটি অংশের সম্পাদক।

২১। ঘোষণাপত্র স্বাক্ষরকারী ব্যক্তি পরবর্তীতে মুদ্রাকর বা প্রকাশক না থাকিলে তৎকর্তৃক নূতন ঘোষণাপত্র প্রদান :
প্রত্যেক ব্যক্তি যিনি ধারা ৮ এর অধীন কোন ঘোষণাপত্র স্বাক্ষর করিয়াছেন, পরবর্তীতে উক্ত সংবাদপত্রের মুদ্রাকর বা প্রকাশক হিসাবে তাহার পরিসমাপ্তি ঘটিলেও ব্যক্তিগতভাবে অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত এজেন্টের মাধ্যমে, জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে হাজির হইবে এবং ঘোষণাপত্রের মূলকপিসহ নির্ধারিত পদ্ধতিতে ফরম সি এ স্বাক্ষর করিবেন।

২২। ধারা ২১ এর অধীন ঘোষণাপত্র প্রমাণীকরণ ও দাখিলকরণ :
ধারা ২১ এর অধীন প্রদত্ত ঘোষণাপত্রের প্রত্যেকটি মূলকপির অনুলিপি যে জেলা ম্যাজিস্ট্রেটের সম্মুখে দাখিল করা হইয়াছিল, সেই জেলা ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও সীলমোহর দ্বারা প্রমাণীকৃত হইবে এবং এরূপ প্রমাণীকৃত কপি, প্রত্যেকটি মূলকপির সহিত, অথবা ধারা ৮ এর অধীন প্রদত্ত ঘোষণাপত্রের সহিত দাখিল করিতে হইবে।

২৩। ধারা ২১ এর অধীন ঘোষণাপত্রের কপিসমূহ অবলোকন ও সরবরাহ:
ধারা ২২ এর অধীন দাখিলকৃত প্রতিটি মূল ঘোষণাপত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে কোনো আবেদনকারী সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্ত মূল ঘোষণাপত্র পরিদর্শনের অনুমতি প্রদান করিবেন, এবং উক্ত ঘোষণাপত্র যে কর্মকর্তার তত্ত্বাবধানে রহিয়াছে, উক্ত কর্মকর্তা যে কোনো আবেদনকারী ব্যক্তিকে সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে মূল ঘোষণাপত্রের অনুলিপি তাহার অফিসিয়াল সীলমোহর দ্বারা সত্যায়িত করিয়া সরবরাহ করিবেন।

২৪। ধারা ২১ এর অধীন দাখিলকৃত ঘোষণাপত্রের কপি সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য :
কোনো আইনগত কার্যক্রমে ধারা ৮ এর অধীন প্রদত্ত কোনো ঘোষণাপত্রের সত্যায়িত কপি ধারা ১৯ অনুযায়ী সাক্ষ্য হিসাবে দাখিল করা হইলে, ধারা ২৩ অনুসারে সত্যায়িত ধারা ২১ এর অধীন প্রদত্ত ঘোষণার কপি সাক্ষ্য হিসাবে গ্রহণ করা আইনসিদ্ধ হইবে, এবং ঘোষণাকারী পরবর্তী ঘোষণার পর কোনো সময় উক্ত সংবাদপত্রের মুদ্রাকর বা প্রকাশক ছিলেন মর্মে আর সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে না।

২৫। বিদেশে প্রকাশিত সংবাদপত্র বাংলাদেশে মুদ্রণ ও বিক্রয় :
(১)বিদেশে প্রকাশিত কোন সংবাদপত্র একই নামে বাংলাদেশে প্রকাশ, মুদ্রণ ও বিপণন করিতে চাহিলে উক্ত পত্রিকার প্রকৃত কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে তথ্য মন্ত্রণালয়ের প্রাথমিক অনুমোদন গ্রহণ করিতে হইবে।
(২) উপধারা(১) এ বর্ণিত সংবাদপত্রের ক্ষেত্রে ধারা ৮ অনযায়ী নামের ছাড়পত্র, ধারা ৯ অনুয়ায়ী মুদ্রাকর ও প্রকাশকের ঘোষণাপত্র এবং ধারা ১৭ অনুযায়ী ঘোষণাপত্র প্রমাণীকরণ প্রয়োজন হইবে।
(৩) বিদেশী সংবাদপত্র বা সাময়িকী বাংলাদেশে বিক্রয়ের ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে পরিবেশক নিয়োগ করিতে হইবে।
(8) পরিবেশক কর্তৃক বিদেশী পত্রিকা বাংলাদেশে বিক্রয়ের ক্ষেত্রে প্রতিটি সংবাদপত্র বা সাময়িকী বিক্রয়ের জন্য পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
(৫) পরিবেশক কর্তৃক বিদেশী পত্রিকা বাংলাদেশে বিক্রয়ের ক্ষেত্রে প্রতিটি সংবাদপত্র বা সাময়িকী বিক্রয়ের জন্য ধারা ২৯ অনুযায়ী সংবাদপত্রের কপি নিয়মিত জমা দিতে হইবে।

২৬.০২.১৯
তাজকিয়া আকবারী
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

সেলিনা আক্তার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

26/2/19
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

২৬। প্রমাণীকরণ বাতিল :

(১) নিবন্ধন কর্মকর্তার লিখিত সুপারিশ বা অন্য কাহারো আবেদনের ভিত্তিতে কিংবা অন্য কোনোভাবে যদি ধারা ১৭ এর অধীন প্রদত্ত ঘোষণাপত্র প্রমাণকারী জেলা ম্যাজিস্ট্রেট মনে করেন যে, কোনো সংবাদপত্রের ঘোষণাপত্র বাতিল হওয়া উচিত তাহা হইলে ঘোষণাপত্র প্রদানকারীকে কারণ দর্শানোর পর্যাপ্ত সুযোগ প্রদান, যথাযথ তদন্ত, দর্শানো কারণ বিবেচনায় নিয়া এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান সাপেক্ষে যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে, ঘোষাণাপত্র প্রমাণীকরণের পরবর্তী সময়ে -

(ক) সংবাদপত্রটির মুদ্রাকর বা প্রকাশক বাংলাদেশের নাগরিকত্ব হারাইয়াছেন;

(খ) মুদ্রাকর বা প্রকাশক নৈতিক স্খলনজনিত কোনো অপরাধে দন্ডিত হইয়াছেন;

(গ) মুদ্রাকর বা প্রকাশক কোনো আদালত কর্তৃক উন্মাদ বা অপ্রকৃতিস্থ হিসাবে ঘোষিত হইয়াছেন; বা

(ঘ) প্রকাশক সংবাদপত্রটির নিয়মিত প্রকাশনার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান হারাইয়াছেন; অথবা আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়েছেন।

(ঙ) এই আইন বা আইনের অধীনে প্রণীত বিধির ব্যত্যয় ঘটিয়ে কোনো সংবাদপত্র প্রকাশিত হইতেছে;

(চ) পত্রিকার মাস্টহেড যদি অন্য কোন পত্রিকার মাস্টহেডের সঙ্গে মিলিয়া যায়;

(ছ) পরিবেশিত সংবাদ/আইটেমের ভাষা যদি অন্য কোন সংবাদপত্রে পরিবেশিত সংবাদ/আইটেমের ভাষার সঙ্গে হুবহু মিলিয়া যায়; তবে একই নিউজ এজেন্সী হইতে সংগৃহীত সংবাদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য হইবে না;

(জ) কপিরাইট আইন ২০০০ ও মেধাসত্ত্ব আইনের কোন ধারার অধীনে অভিযুক্ত হন।

(ঝ) ঘোষণাপত্রে উল্লেখিত মুদ্রাকর ও প্রকাশক কোন কারণে যদি মুদ্রাকর ও প্রকাশক হিসেবে থাকিতে অপারগ হন;

(ঞ) ঘোষণাপত্রে প্রদত্ত তথ্যাদি মিথ্যা প্রমাণিত হইলে, তথ্য গোপন করা হইয়াছে মর্মে প্রতীয়মান হইলে অথবা কোনো সাময়িকী যা সংবাদপত্র নয় এমন প্রমাণিত হইলে-

(ট) কোন যৌক্তিক কারণ ব্যতীত পর পর তিনদিন সম্পাদকীয় কলামে সম্পাদকীয় ছাপাইতে ব্যর্থ হন।

(ঠ) কোন যৌক্তিক কারণ ব্যতীত চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিরীক্ষা শাখায় পর পর ৩টি বা তদূর্ধ্ব সংখ্যক নিরীক্ষার জন্য আবেদন করতে ব্যর্থ হন বা হাজির হতে ব্যর্থ হন।

(২) উপধারা (১) এর অধীন কোন কারণ উদ্ভব হলে জেলা ম্যাজিস্ট্রেট আদেশের কারণ লিখিতভাবে উল্লেখপূর্বক, উক্ত সংবাদপত্রের ঘোষণাপত্রের প্রমাণীকরণ বাতিল করিতে পারিবেন। এবং বাতিল আদেশের কপি যথাশীঘ্র ঘোষণাপত্র প্রদানকারীর নিকট এবং নিবন্ধন কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

তবে শর্ত থাকে যে, ঘোষণা প্রদানকারী ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান ব্যতিরেকে, এইরূপ কোন আদেশ প্রদান করা যাইবে না।

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোনো ব্যক্তি উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে ষাট দিনের মধ্যে প্রেস আপীল বোর্ডের নিকট আপীল করিতে পারিবেন এবং উক্ত বিষয়ে প্রেস আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

২৭। (১) কতিপয় প্রকাশনা বাজেয়াপ্তির ঘোষণা এবং উক্ত বিষয়ে তল্লাশী পরোয়ানা জারীর ক্ষমতা:

যে কোন ছাপাখানায় বা স্থানে প্রস্তুতকৃত কোন পুস্তকে, সংবাদপত্রে বা কাগজে, কোন শব্দ, চিহ্ন বা দৃশ্যমান উপস্থাপন, যাহা অশালীন, অশ্লীল বা অমার্জিত বিষয় অন্তর্ভুক্ত করিবার লক্ষ্যে প্রস্তুত করা হইয়াছে মর্মে সরকারের নিকট প্রতীয়মান হয়, সেইক্ষেত্রে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উহার মতামতের কারণ বর্ণনা করিয়া, এইরূপ পুস্তক, সংবাদপত্র বা কাগজের সকল কপি বাজেয়াপ্ত ঘোষণা এবং অতঃপর বাংলাদেশের যেখানেই উহা পাওয়া যাইবে, সেইখানেই উক্ত কপিসমূহ কোন পুলিশ কর্মকর্তা আটক করিতে পারিবেন, এবং যে কোন জেলা ম্যাজিস্ট্রেট, সাব-ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহে এইরূপ কোন পুলিশ কর্মকর্তাকে এবং নিবন্ধন কর্মকর্তা নিজে বা তার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে কোন প্রাঙ্গণ, যেখানে এইরূপ পুস্তক, সংবাদপত্র বা কাগজ রাখা হইয়াছে মর্মে সন্দেহ হয়, সেই প্রাঙ্গণে প্রবেশ এবং তল্লাশী করিবার ক্ষমতা প্রদানপূর্বক, পরোয়ানা জারী করিতে পারিবেন।

(২) যে কোন প্রকাশনার প্রকাশনা যে কোন সময় স্থগিত করিতে পারার বিধান: যে কোন প্রকাশনার প্রকাশনা সরকার যে কোন সময় স্থগিত করিতে পারিবেন। মিথ্যা সংবাদ, রাষ্ট্র বিরোধী, জঙ্গীবাদ, সন্ত্রাসে উস্কানী, জাতীয় নিরাপত্তার প্রতি হুমকি-এধরনের সংবাদ প্রকাশ করিলে জনস্বার্থে সরকার যে কোন প্রকাশনার প্রকাশনা যে কোন সময় সাময়িক স্থগিত অথবা স্থায়ীভাবে বন্ধ করিতে পারিবে। এ বিষয়ে ধারা ৩ এ বর্ণিত প্রেস আপীল বোর্ডে আপীল করা যাইবে। আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## অংশ-৫
## বিজ্ঞাপন ও নিরীক্ষা

২৮। বিজ্ঞাপন :

(১) অন্য আইনে যাহাই থাকুক না কেন, সংবাদপত্রে বিজ্ঞাপন বিতরণ, বিল পরিশোধ ইত্যাদি বিজ্ঞাপন সংক্রান্ত যাবতীয় কাযক্রম বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা অনুযায়ী কেন্দ্রীয়ভাবে তথ্য মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হইবে।

(২) সরকার সময় সময় বিজ্ঞাপন নীতিমালা হালনাগাদ করিয়া সংবাদপত্রের বিজ্ঞাপনের মূল্য হার নির্ধারণ করিবে।

২৮.০২.১৯
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

সেলিনা আফরোজ
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

২৮/২/১৯
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(৩) ধারা ১৫(২) এর অধীন মিডিয়া তালিকাভূক্ত সকল সংবাদপত্র, সাময়িকী ও অনলাইন সংবাদপত্র বিজ্ঞাপন ছাপানোর যোগ্য বিবেচিত হইবে।

(৪) প্রতিটি বিজ্ঞাপন সংবাদপত্রের পাশাপাশি বিজ্ঞাপনদাতা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ওয়েবসাইটে বিনামূল্যে প্রকাশ করা যাইবে।

(৫) কত মূল্যমানের বিজ্ঞাপন কয়টি সংবাদপত্রে প্রকাশ করা যাইবে অর্থাৎ কত মূল্যমানের বিজ্ঞাপনের ইনসার্শন কয়টি হইবে, তা তথ্য মন্ত্রণালয় প্রজ্ঞাপন দ্বারা নির্ধারণ করিবে।

২৯। নিরীক্ষা:

(১)চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের অডিট ব্যুরো অব সার্কুলেশন (এবিসি) নিরীক্ষা নীতিমালা অনুসরণপূর্বক এ আইনের ধারা ১৫(২) অনুসারে মিডিয়া তালিকাভুক্ত সকল সংবাদপত্র ও সাময়িকীর নিরীক্ষা কাযক্রম সম্পন্ন করিয়া প্রচার সংখ্যা নির্ধারণ করিবে।

(২) নতুন সংবাদপত্র ও সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তির জন্য এবং পুরাতন সংবাদপত্র ও সাময়িকীর পুনঃমিডিয়া তালিকাভুক্তির জন্য নিরীক্ষা নীতিমালা অনুযায়ী নিরীক্ষা সম্পন্ন করিতে হইবে।

(৩) নিরীক্ষার সময় সরেজমিন পরিদর্শনের মাধ্যমে নির্ধারিত সংবাদপত্র ও সাময়িকীর প্রচার সংখ্যার ভিত্তিতে বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা অনুযায়ী প্রতি কলাম-ইঞ্চি বিজ্ঞাপনের মূল্য হার, নিউজপ্রিন্ট প্রাপ্যতার কোটা ইত্যাদি নির্ধারণ করিতে হইবে।

(৪) শুধুমাত্র মিডিয়া তালিকাভূক্ত সংবাদপত্র ও সাময়িকী বিজ্ঞাপন ও ক্রোড়পত্র পাওয়ার যোগ্য বিবেচিত হইবে। সকল সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিজ্ঞাপন মুদ্রণের জন্য এই মিডিয়া তালিকা অনুসরণ বাধ্যতামূলক থাকিবে।

## অংশ-৬
## অননুমোদিত সংবাদ-শীট এবং সংবাদপত্র

৩০। কোনো ব্যক্তিকে সংবাদ-শীট বা বুলেটিন প্রকাশ করিবার ক্ষমতা :

(১) জেলা ম্যাজিস্ট্রেট, লিখিত আদেশ দ্বারা এবং তিনি যেইরূপ উপযুর্ক্ত মনে করিবেন সেইরূপ শর্ত সাপেক্ষে, যে কোনো ব্যক্তিকে নাম উল্লেখপূর্বক সময় সময় কোন সংবাদ শীট বা বুলেটিন বা সংবাদ-শীটসমূহ প্রকাশ করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত আদেশের একটি কপি এতদ্দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে সরবরাহ করিতে হইবে।

(৩) জেলা ম্যাজিস্ট্রেট যে কোন সময় উপ-ধারা (১) এর অধীন তৎকর্তৃক প্রদত্ত আদেশ প্রত্যাহার করিতে পারিবেন।

৩১। অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটিন, সংবাদপত্র ও পুস্তক জব্দ বা ধ্বংস করিবার ক্ষমতা :

(১) কোনো পুলিশ কর্মকর্তা, অথবা নিবন্ধন কর্মকর্তা অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি, যেখানেই অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটীন বা সংবাদপত্র বা পুস্তক পাওয়া যাইবে, সেইখানেই উহা জব্দ করিতে পারিবেন।

(২) জেলা তথ্য অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর নিবন্ধন কর্মকর্তার অনুরোধের পরিপ্রেক্ষিতে অথবা অন্য কোনোভাবে অবহিত হইয়া জেলা ম্যাজিস্ট্রেট এবং ঢাকা মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট বা নিবন্ধন কর্মকর্তা যেখানে অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক মজুদ করিয়া রাখা হইয়াছে অথবা রাখা হইয়াছে মর্মে মনে হইলে সাব-ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহেন এমন কোনো পুলিশ কর্মকর্তাকে বা নিবন্ধন কর্মকর্তার প্রতিনিধিকে প্রবেশ ও তল্লাশী করিবার ক্ষমতা প্রদানপূর্বক পরোয়ানা জারী করিতে পারিবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত স্থানে প্রাপ্ত যে কোনো দলিলাদি, যাহা তাহার মতে অননুমোদিত সংবাদ শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক বলিয়া মনে হয়, উহা জব্দ করিতে পারিবেন।

(৩) জব্দকৃত দলিলাদি যে এলাকা হইতে জব্দ করা হয়েছে সে এলাকার সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট এর আদালতে বা প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট এর আদালতে যথাশীঘ্র সম্ভব উপস্থাপন করিতে হইবে।

(৪) আদালতের নিকট যদি অনুরূপ দলিলাদি, সংবাদ-শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক অননুমোদিত মর্মে প্রতীয়মান হয়, তাহা হইলে আদালত সেইগুলি ধ্বংস করাইতে পারিবেন; কিন্তু যদি, আদালতের মতে উক্ত দলিলাদির কোনোটিই অননুমোদিত সংবাদ শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক বলিয়া প্রতীয়মান না হয়, তাহা হইলে আদালত, ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এর ধারা ৫২৩, ৫২৪ এবং ৫২৫ এ বিধৃত পদ্ধতিতে নিষ্পত্তি করিবেন।

৩২। অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক প্রস্তুতকারী ছাপাখানা ক্রোক এবং বাজেয়াপ্ত করিবার ক্ষমতা :

(১)জেলা তথ্য অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিবন্ধন কর্মকর্তার মাধ্যমে কিংবা অন্য কোনোভাবে জ্ঞাত হইয়া জেলা ম্যাজিস্ট্রেটের যদি বিশ্বাস করিবার কারণ থাকে যে, তাহার এখতিয়ারাধীন স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে কোনো ছাপাখানা হইতে কোনোরূপ অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটীন বা সংবাদপত্র বা পুস্তক প্রস্তুত হইতেছে সেইক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট- সাব-ইন্সপেক্টর পদের নিম্নে নহেন এইরূপ পুলিশ কর্মকর্তা যেখানে উক্ত ছাপাখানা অবস্থিত বা যেখানে উক্ত ছাপাখানা থাকিতে পারে মর্মে যুক্তিসংগতভাবে সন্দেহ হয়, সেইখানে প্রবেশ এবং তল্লাশী করিবার ক্ষমতা অর্পণ



২৬.০২.১৯
সৌমিলা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

য়া পরোয়ানা জারি করিতে পারিবেন এবং উক্ত পুলিশ কর্মকর্তার মতে, যদি ছাপাখানাটি অননুমোদিত সংবাদ-শীট বা সংবাদপত্র প্রস্তুত করে মর্মে প্রতীয়মান হয়, তাহা হইলে তিনি ছাপাখানাটি বা উক্ত স্থানে প্রাপ্ত কোনো দলিলাদি, যাহা তাহার মতে অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক মর্মে প্রতীয়মান হয়, তাহা জব্দ করিতে পারিবেন এবং ছাপাখানাটি সীলগালা করে বন্ধ করিতে পারিবেন।

(২) উক্ত পুলিশ কর্মকর্তা পরোয়ানা জারীকারী আদালতে বা প্রথম শ্রেনীর ম্যজিস্ট্রেট এর আদালতে তাহার তল্লাশী সম্পর্কে একটি প্রতিবেদন দাখিল করিবেন, এবং যথাশীঘ্র সম্ভব, জব্দকৃত সকল মালামাল উক্ত জেলা ম্যাজিস্ট্রেট এর আদালতে বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এর আদালতে উপস্থাপন করিবেন;

তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে জব্দকৃত ছাপাখানাটি তাৎক্ষনিকভাবে স্থানান্তর করা সম্ভব না হয়, সেইক্ষেত্রে উক্ত পুলিশ কর্মকর্তা, যেইরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপে ছাপাখানাটির কোন অংশবিশেষ এবং সীলগালা করে বন্ধ করা হইলে সীলগালা করিবার কারণ ও জব্দ তালিকা আদালতে উপস্থাপন করিবেন।

(৩) আদালত, যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ তদন্তের পর, যদি মনে করে যে এই ধারার অধীন জব্দকৃত ছাপাখানাটি অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক প্রস্তুত করিতে ব্যবহৃত হয়, তাহা হইলে উক্ত আদালত লিখিত আদেশ দ্বারা, জব্দকৃত বা সীলগালাকৃত ছাপাখানাটি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করিতে পারিবেন, কিন্তু যদি অনুরূপ তদন্তের পর, আদালত এইরূপ মনে না করেন, তাহা হইলে আদালত উক্ত ছাপাখানাটির বিষয়ে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এর ধারা ৫২৩, ৫২৪ এবং ৫২৫ এ বিধৃত পদ্ধতিতে নিষ্পত্তি করিবেন।

(৪) উক্ত আদালত এই ধারার অধীন উহার সম্মুখে উপস্থাপিত দলিলাদি সম্পর্কে ধারা ৩১ এর উপ-ধারা (৪) এ বিধৃত পদ্ধতিতে ব্যবস্থা গ্রহণ করিবেন।

## অংশ-৭
## পুস্তক এবং সংবাদপত্র সরবরাহ

৩৩। (১) মুদ্রিত বইয়ের কপি বিনামূল্যে সরকারের নিকট সরবরাহ : কোন বইয়ের মুদ্রাকর ও প্রকাশকের মধ্যে যে চুক্তিই থাকুক না কেন, বাংলাদেশে মুদ্রিত বা লিথোগ্রাফকৃত বা কম্পিউটারে কম্পোজকৃত হইয়াছে এইরূপ বইয়ের মুদ্রাকরকে, ছাপাখানা হইতে বই সরবরাহের তিন মাসের মধ্যে, বিনামূল্যে সরকারের নিকট উক্ত বইয়ের অনুরূপ চূড়ান্ত ও পূর্ণাঙ্গ সর্বোৎকৃষ্ট চারটি কপি উহার সকল মানচিত্র, ছাপা, সিডি/ডিভিডি (যদি থাকে) অথবা অন্যান্য খোদাইকৃত বস্তুসহ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিবন্ধন কর্মকর্তার নিকট এবং সরকার কর্তৃক প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত স্থান ও কর্মকর্তার নিকট জমা দিতে হইবে।

(২) উপধারা (১) এর অধীন বইয়ের পুণর্মুদ্রণের ক্ষেত্রে প্রতি সংস্করণের দুইটি কপি উপধারা(১) এর পদ্ধতিতে জমা দিতে হইবে।

৩৪। ধারা ৩৩ এর অধীন সরবরাহকৃত পুস্তকের কপির রসিদ ও নিবন্ধন নম্বর :

ধারা ৩৩ এর অধীন নিবন্ধন কর্মকর্তার নিকট কোনো পুস্তকের কপি সরবরাহ করা হইলে, তিনি উক্ত মুদ্রাকরকে লিখিতভাবে উহা গ্রহণের রশিদ এবং প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করার পর নিবন্ধন নম্বর প্রদান করিবেন।

৩৫। সরকারের নিকট সংবাদপত্রের কপি বিনামূল্যে সরবরাহ :

প্রত্যেক সংবাদপত্রের মুদ্রাকরকে জেলা ম্যাজিস্ট্রেট, তথ্য মন্ত্রণালয়ের প্রেস শাখা, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিবন্ধন কর্মকর্তা এবং সরকার কর্তৃক প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত স্থান ও কর্মকর্তার নিকট সংবাদপত্রের প্রতিটি সংখ্যা প্রকাশিত হইবার সঙ্গে সঙ্গে বিনামূল্যে উহার ছয় কপি সরবরাহ করিতে হইবে।

## অংশ-৮
## পুস্তক নিবন্ধীকরণ

৩৬। পুস্তকের স্মারক নিবন্ধীকরণ :

সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত নিবন্ধন কর্মকর্তার নিকট এবং অনুরূপ অফিসে পুস্তকের ক্যাটালগ নামে অভিহিত একটি রেজিষ্টার সংরক্ষিত থাকিবে, যাহাতে ধারা ৩৩ এর বিধান অনুযায়ী সরবরাহকৃত প্রতিটি পুস্তকের স্মারক সরবরাহের সঙ্গে সঙ্গেই নিবন্ধীকরণ করিতে হইবে এবং উক্ত স্মারকে যতটুকু বাস্তবসম্মত, নিম্নলিখিত বিবরণাদি থাকিবে, যথা :-

(ক) পুস্তকের শিরোনাম ও শিরোনাম পৃষ্ঠার বিষয়বস্তু, পুস্তকে বিধৃত শিরোনাম বাংলা ভাষায় না হইলে উক্ত শিরোনাম ও বিষয়ের বঙ্গানুবাদ

(খ) পুস্তকটি যে ভাষায় লিখিত রহিয়াছে

(গ) পুস্তক বা উহার কোন অংশের লেখক, অনুবাদক বা সম্পাদকের নাম ও জাতীয় পরিচয়পত্র নম্বর;

(ঘ) বিষয়বস্তু

(ঙ) মুদ্রণ এবং প্রকাশনার স্থান

(চ) মুদ্রাকর এবং প্রকাশকের নাম

তাহমিনা আকবারী
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

সেলিনা আক্তার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(ছ) ছাপাখানা হইতে সরবরাহ এবং প্রকাশিত হইবার তারিখ
(জ) শীট (sheet), পাতা বা পৃষ্ঠার সংখ্যা,
(ঝ) সংস্করণের সংখ্যা
(ঞ) সংস্করণে মুদ্রিত কপির সংখ্যা
(ট) পুস্তকটি মুদ্রিত বা লিথোগ্রাফকৃত কিনা
(ঠ) জনসাধারণের নিকট যে মূল্যে পুস্তক বিক্রয় করা হইবে এবং
(ড) গ্রন্থস্বত্ব বা উহার অংশবিশেষের স্বত্বাধিকারীর নাম এবং বাসস্থান।

৩৭। পুস্তকের স্মারক প্রকাশ :
উল্লিখিত পুস্তকের ক্যাটালগে নিবন্ধনকৃত পুস্তকের স্মারকসমূহ প্রতি পঞ্জিকা বর্ষে একবার বিলম্ব না করিয়া সরকারি গেজেটে প্রকাশ করিতে হইবে।

অংশ-৯
সংবাদপত্র সাময়িকীর নিবন্ধিকরণ

৩৮। নিবন্ধন কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা নিয়োগ:
(১) সংবাদপত্র, ছাপাখানা ও পুস্তক নিবন্ধনসহ এই আইন এবং এই আইনের আওতায় সময়ে সময়ে জারিকৃত আদেশ বিধিবিধানের মাধ্যমে বন্টনকৃত দায়িত্ব পালনের লক্ষ্যে সরকার নিবন্ধন কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা নিয়োগ করিতে পারিবেন।
(২) সংবাদপত্রের ও ছাপাখানার নিবন্ধন রেজিস্টার :
(ক) নিবন্ধন কর্মকর্তা সংবাদপত্রের ও ছাপাখানার নামের ছাড়পত্রের জন্য পৃথক দুইটি রেজিস্টার সংরক্ষণ করিবেন। সংবাদপত্রের রেজিস্টারে নিবন্ধনের ক্রমিক নম্বর সংবাদপত্রের নিবন্ধন নম্বর এবং ছাপাখানার রেজিস্টারে নিবন্ধনের ক্রমিক নম্বর ছাপাখানার নিবন্ধন নম্বর হিসেবে গণ্য হইবে।
(খ) রেজিস্টারে বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে প্রকাশিত সংবাদপত্রের/ ছাপাখানার নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে;
ক. সংবাদপত্রের/ ছাপাখানার নাম
খ. যে ভাষায় সংবাদপত্র প্রকাশিত হবে
গ.সংবাদপত্রের প্রকৃতি (দৈনিক/সাপ্তাহিক/ মাসিক ইত্যাদি)
ঘ. সংবাদপত্রের সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশকের নাম ও ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর অথবা জন্মসনদ নম্বর
ঙ. সংবাদপত্র মুদ্রণ ও প্রকাশনার স্থান এবং ছাপাখানার স্থান ও ঠিকানা
চ. সংবাদপত্রের আকার (সাইজ) ও পৃষ্ঠা সংখ্যা
ছ. ছাপাখানার প্রকৃতি (অফসেট/ লেটার)
ঞ. ছাপাখানার মালিকের নাম ও ঠিকানা , জাতীয় পরিচয়পত্র নম্বর অথবা জন্মসনদ নম্বর
ট. সংবাদপত্র ও ছাপাখানার মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি।
(৩) প্রকাশিত সংবাদপত্রের রেজিস্টার:
(ক) নিবন্ধন কর্মকর্তা প্রকাশিত সংবাদপত্রসমূহের জন্য একটি বা একাধিক রেজিস্টার সংরক্ষণ করিবেন।
(খ) রেজিস্টারে বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে প্রকাশিত সংবাদপত্রের নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে;
ক. সংবাদপত্রের নাম
খ. যে ভাষায় সংবাদপত্র প্রকাশিত হয়
গ. সংবাদপত্রের প্রকার (দৈনিক/অর্ধসাপ্তাহিক/সাপ্তাহিক ইত্যাদি)
ঘ. সংবাদপত্রের সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক এর নাম ও ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর অথবা জন্মসনদ নম্বর
ঙ. মুদ্রণ ও প্রকাশনার স্থান
চ. আকার (সাইজ) ও পৃষ্ঠা সংখ্যা
ছ. বছরে কতদিন প্রকাশিত হইয়াছে
জ. মুদ্রিত কপি, বিক্রিত কপি ও সৌজন্য কপির গড় সংখ্যা
ঝ. প্রতি কপির বিক্রয় মূল্য
ঞ. সংবাদপত্রের মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি।
(৪) রেজিস্টার হালনাগাদকরণ: সময়ে সময়ে হালনাগাদ তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে নিবন্ধন কর্মকর্তা সংবাদপত্রের রেজিস্টারে তথ্য সন্নিবেশন, পরিবর্তন ও সংশোধনপূর্বক রেজিস্টারটি হালনাগাদ রাখিবেন।
(৫) পুস্তক নিবন্ধন রেজিস্টার :

উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ঢাকা

সেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(ক) নিবন্ধন কর্মকর্তা প্রকাশিত পুস্তকের প্রাপ্ত কপিসমূহের প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের পাশাপাশি 'পুস্তকের ক্যাটালগ' নামে এক বা একাধিক রেজিস্টার সংরক্ষণ করিবেন।

(খ) নিবন্ধন কর্মকর্তা প্রতি বৎসর কমপক্ষে এক বার প্রাপ্ত পুস্তক সমূহের তালিকা গেজেট আকারে প্রকাশের ব্যবস্থা করিবেন।

(গ) নিবন্ধন কর্মকর্তা কর্তৃক প্রকাশিত গেজেটে পুস্তকের ক্রমিক নম্বর ও সাল পুস্তকের সরকারি নিবন্ধন নম্বর হিসেবে গণ্য হবে।

(ঘ) রেজিস্টারে বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে প্রকাশিত পুস্তকের জন্য ধারা ৩০ এ বর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে;

(৬) বার্ষিক বিবরণী ও প্রতিবেদন দাখিল : ধারা ৩৭ এর উপ ধারা (২), (৩) ও (৫) এ বর্ণিত তথ্যাদির বার্ষিক বিবরণী নিবন্ধন কর্মকর্তার নিকট প্রেরণ প্রতিটি সংবাদপত্রের প্রকাশক, ছাপাখানা মালিক এবং পুস্তকের প্রকাশকের জন্য এই আইনের আওতায় কর্তব্য হিসেবে বিবেচিত হইবে।

এছাড়াও সময়ে সময়ে নিবন্ধন কর্মকর্তার চাহিদার ভিত্তিতে ধারা ৩৭ এর উপধারা (২), (৩) ও (৫) এ বর্ণিত তথ্যাদি সরবরাহ করা সংবাদপত্রের প্রকাশক, ছাপাখানা মালিক এবং পুস্তকের প্রকাশকের জন্য এই আইনের আওতায় বাধ্যতামূলক বলে বিবেচিত হবে।

(৭) রেকর্ড ও দলিলাদিতে প্রবেশাধিকার : তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে প্রকাশকের নিকট রক্ষিত আছে সংবাদপত্র ও পুস্তক সংক্রান্ত এমন যে কোনো রেকর্ড ও দলিলে নিবন্ধন কর্মকর্তা ও তাহার লিখিত ক্ষমতাপ্রাপ্ত যে কোনো প্রতিনিধির পূর্ণ প্রবেশাধিকার থাকিবে। তথ্য প্রাপ্তির রেকর্ড ও দলিল রহিয়াছে বলিয়া নিবন্ধন কর্মকর্তার নিকট যুক্তিসঙ্গতভাবে প্রতীয়মান হয় এমন যে কোনো স্থানে, যে কোনো সময়ে, নিবন্ধন কর্মকর্তা বা তার প্রতিনিধি প্রবেশ করিতে ও পরিদর্শন করিতে এবং রেকর্ড ও দলিলাদির কপি সংগ্রহ করিতে পারিবেন অথবা এ আইনের আওতায় প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে যে কোনো প্রশ্ন করিতে পারিবেন।

(৮) বাষিক প্রতিবেদন : ধারা ৩৭ এর উপ ধারা (২), (৩) ও (৫) এ বর্ণিত বাংলাদেশের সংবাদপত্র, ছাপাখানা ও প্রতি বছর প্রকাশিত পুস্তকসমূহের তথ্যাদির সারাংশ লইয়া নিবন্ধন কর্মকর্তা প্রতিবছর একটি বার্ষিক বিবরণী বা প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করিবেন।

(৯) বার্ষিক প্রতিবেদনের 'কপি' সরবরাহ : যে কোনো ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে এবং নির্ধারিত ফি এর বিনিময়ে বার্ষিক প্রতিবেদনের কপি নিবন্ধন কর্মকর্তা সরবরাহ করিবেন।

(১০) দন্ড বিধির (১৯৬০ সনের ৪৫ নম্বর আইন) এর ২১ ধারা অনুযায়ী নিবন্ধন কর্মকর্তা এবং এ আইনের অধীনে নিযুক্ত সকল কর্মকর্তা- কর্মচারী সরকারী কর্মচারী হিসেবে গণ্য হবেন।

## অংশ -১০
## পূর্বোক্ত বিধানাবলীর অধীন অপরাধের দন্ড

৩৯। ধারা ৪ লঙ্ঘনের দন্ড- :

কোনো ব্যক্তি ধারা ৪ এর বিধান লঙ্ঘন করিয়া কোনো পুস্তক বা কাগজ মুদ্রণ বা প্রকাশ করিলে তিনি অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থদন্ড অথবা অনুর্ধ্ব এক বৎসর বিনাশ্রম কারাদন্ড, বা উভয়দণ্ডে দন্ডিত হইবেন।

৪০। ঘোষণাপত্র প্রদান ব্যতিরেকে ছাপাখানা চালানোর দন্ড :

কোনো ব্যক্তি ধারা ৫ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় কোনো ঘোষণা প্রদান ব্যতিরেকে, তাহার দখলে কোনো ছাপাখানা রাখিলে, তিনি অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থদন্ড অথবা অনুর্ধ্ব ছয় মাসের বিনাশ্রম কারাদন্ড, অথবা উভয়দণ্ডে দন্ডিত হইবেন।

৪১। (১) মিথ্যা বিবৃতি প্রদানের দন্ড- :

কোনো ব্যক্তি, এই আইনের অধীন কোনো ঘোষণা প্রদানকালে, কোনো মিথ্যা বিবৃতি প্রদান করেন, যাহা তিনি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন অথবা সত্য মর্মে বিশ্বাস করেন না, তিনি অনধিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড এবং অনুর্ধ্ব এক বছর বিনাশ্রম কারাদন্ড অথবা উভয়দণ্ডে দন্ডিত হইবেন।

(২) মিথ্যা সংবাদ প্রকাশের দন্ড: ধারা ১৫ অনুযায়ী সংবাদপত্রে মিথ্যা সংবাদ প্রকাশ করিলে এবং তাহা প্রমাণিত হইলে সম্পাদক/প্রকাশক অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থ দন্ডে দন্ডিত হইবে এবং প্রতিবেদক অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থ দন্ডে অথবা অনুর্ধ ৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদন্ডে অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৪২। (১) এই আইনের বিধান লঙ্ঘনপূর্বক কোনো কিছু মুদ্রণ বা প্রকাশ করিবার দন্ড :

কোনো ব্যক্তি এই আইনের বিধান লঙ্ঘনপূর্বক কোনো সংবাদপত্র বা পুস্তক বা সংবাদশীট বা বুলেটীন সম্পাদন, মুদ্রণ বা প্রকাশ করিলে, অথবা এই আইনের বিধান প্রতিপালন হয় নাই জানা সত্ত্বেও কোনো সংবাদপত্র সম্পাদন, মুদ্রণ বা প্রকাশ করিলে বা করাইলে, তিনি অনধিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড বা অনুর্ধ্ব এক বছর বিনাশ্রম কারাদন্ড বা উভয়দণ্ডে দন্ডিত হইবেন।

উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

লেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(২) ধারা ৩৬ ও ৩৮ লংঘনের দন্ড : এই আইনের উপধারার আওতাধীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান স্বেচ্ছায় এই আইনের ধারা ৩৬ ও ৩৮ এর কোন বিধান অমান্য করলে, তিনি বা তাহারা প্রতি ক্ষেত্রে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থ দন্ডে দন্ডিত হইবেন।

৪৩। অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটীন এবং সংবাদপত্র ও পুস্তক প্রচার করিবার দন্ড :

(১) কোনো ব্যক্তি কোনো অননুমোদিত সংবাদ-শীট বা বুলেটিন বা সংবাদপত্র বা পুস্তক প্রস্তুত, মুদ্রণ বা অন্য কোনোভাবে প্রস্তুত, বিতরণ, প্রকাশ অথবা জনসম্মুখে প্রদর্শন বা বিক্রয়ের জন্য রাখিলে, অথবা বিতরণ বা প্রকাশ করিলে, তিনি অনধিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ডে দন্ডিত হইবেন অথবা অনুর্ধ্ব এক বৎসর বিনাশ্রম কারাদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

(২) ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ যাহা কিছুই থাকুক না কেন, উপ-ধারা (১) এর অধীন কোনো শাস্তিযোগ্য অপরাধ এবং এইরূপ কোনো অপরাধ সংঘটনের কোনো প্ররোচনা আমলযোগ্য হইবে।

৪৪। পুস্তক সরবরাহ না করিবার দণ্ড :

যদি কোনো মুদ্রাকর ধারা ৩৩ এর বিধান অনুসারে কোনো পুস্তক সরবরাহ করিতে অবহেলা করেন, তাহা হইলে তিনি এইরূপ প্রত্যেক ব্যর্থতার জন্য যে কর্মকর্তার নিকট উক্ত পুস্তক সরবরাহ করিতে হইত, তাহার আবেদনের প্রেক্ষিতে অথবা উক্ত কর্মকর্তা কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে পুস্তকটি যে এলাকায় মুদ্রিত হইয়াছে, সেই এলাকার স্থানীয় এখতিয়ার সম্পন্ন ম্যাজিস্ট্রেট বা নিবন্ধন কর্মকর্তা কর্তৃক, পারিপার্শ্বিকতা বিবেচনাক্রমে উক্তরূপ ব্যর্থতার জন্য প্রতিক্ষেত্রে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত যে কোন পরিমাণ জরিমানা নির্ধারণ করিবেন, সরকারের অনুকূলে সেই পরিমাণ জরিমানা জমা প্রদান করিবেন, এবং উহার অতিরিক্ত মুদ্রাকরের যে সকল কপি সরবরাহ করা উচিত ছিল তাহার মূল্য বিবেচনাক্রমে আরও অর্থ জরিমানার পরিমাণ জেলা ম্যাজিস্ট্রেট বা নিবন্ধন কর্মকর্তা নির্ধারণ করিতে পারিবেন।

৪৫। বিনামূল্যে সরকারের নিকট সংবাদপত্রের কপি সরবরাহে ব্যর্থতার দন্ড:

বাংলাদেশে প্রকাশিত কোন সংবাদপত্রের মুদ্রাকর যদি ধারা ৩৫ এর অধীন সংবাদপত্রের কপি সরবরাহ করিতে অবহেলা করেন, তাহা হইলে তিনি, যে কর্মকর্তার নিকট উক্ত কপি সরবরাহ করিবার কথা ছিল সেই কর্মকর্তা কর্তৃক অথবা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে, অনধিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা অর্থদন্ডে দন্ডিত হইবেন।

৪৬। বাজেয়াপ্তকৃত এবং জরিমানার অর্থ আদায় :

(১) ধারা ৩৯ থেকে ৪৫ পর্যন্ত ধারাসমূহের অধীন সরকারের অনুকূলে বাজেয়াপ্তকৃত অর্থ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ নির্ধারিত পদ্ধতিতে এবং দন্ড বিধি (১৮৬০ সনের ৪৫ নং আইন) এ জরিমানা আদায়ের জন্য নির্ধারিত সময়ের মধ্যে জব্দকৃত মালামালের অর্থের পরিমাণ নিরূপণকারী জেলা ম্যাজিস্ট্রেট অথবা তাহার পদের উত্তরাধিকারীর বা নিবন্ধন কর্মকর্তার পরোয়ানা অনুযায়ী আদায় করা যাইবে।

## অংশ-১১
## বিবিধ

৪৭। পরিবীক্ষণ দল :

সংবাদপত্র বা পুস্তক সরবরাহে ব্যর্থতা, প্রকাশনার অনিয়ম, অননুমোদিত সংবাদশীট বা বুলেটীন প্রকাশ, অনুমোদিতভাবে মুদ্রণালয় বা ছাপাখানা পরিচালনা অথবা ছাপাখানায় অননুমোদিত সংবাদপত্র বা সংবাদশীট বা বুলেটীন বা পুস্তক বা কাগজ বা ছবি বা মানচিত্র বা অন্য কোন দলিলাদি মুদ্রণ এবং এই আইনের আওতায় বিদ্যমান নীতিমালা বহির্ভূত কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রাপ্ত অভিযোগের তদন্ত বা তদারকি বা সরকার কর্তৃক নির্ধারিত কোনো বিষয় তদারকির ক্ষেত্রে নিবন্ধন কর্মকর্তার অধীনে পরিদর্শনের জন্য একটি পরিবীক্ষণ দল (Monitoring Team) থাকিবে। এই দলের সদস্যগণ সময়ে সময়ে সরকার কর্তৃক নিযুক্ত ও নিবন্ধন কর্মকর্তা কর্তৃক দায়িত্বপ্রাপ্ত হইবেন।

৪৮। তল্লাশী পরিচালনা :

এই আইনের অধীন ইস্যুকৃত যে কোনো পরোয়ানা, যতখানি কোনো তল্লাশীর সহিত সংশ্লিষ্ট, ততখানি ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ উল্লিখিত তল্লাশী পরোয়ানা জারী সম্পর্কিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

৪৯। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন :

(১) এই আইনের কোনো বিধান লঙ্ঘনকারী ব্যক্তি যদি কোনো কোম্পানী হয়, তাহা হইলে অপরাধটি সংঘটনের সময়, কোম্পানীর ব্যবসা পরিচালনার দায়িত্বে নিয়োজিত প্রত্যেক ব্যক্তি এবং উক্ত কোম্পানী সংশ্লিষ্ট বিধি লঙ্ঘনের অপরাধে দোষী মর্মে গণ্য হইবেন এবং তদনুসারে তাহার বা তাহাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ও দন্ড আরোপ করা যাইবে:

২৬.০২.১৯
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

লেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারায় যাহা কিছুই থাকুক না  কেন, কোনো ব্যক্তির অজ্ঞাতসারে বা সরল বিশ্বাসে কোনো অপরাধ সংঘটিত হইয়া থাকিলে এই আইনের অধীন তাহাকে কোনোরূপ শাস্তি প্রদান করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যেইক্ষেত্রে এই আইনের অধীন কোম্পানী কর্তৃক কোনো অপরাধ সংঘটিত হয় এবং প্রমাণিত হয় যে, উক্ত কোম্পানীর কোনো পরিচালক, ব্যবস্থাপক, সচিব অথবা অন্য কোনো কর্মকর্তার সম্মতিতে সংঘটিত হইয়াছিল, তাহা হইলে উক্ত কোম্পানীর অনুরূপ পরিচালক, ব্যবস্থাপক, সচিব অথবা সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাও উক্তরূপ অপরাধ সংঘটনের জন্য দোষী মর্মে গণ্য হইবেন এবং তাহাদের বিরুদ্ধে আইনগত কার্যক্রম গ্রহণ ও তদনুসারে দন্ড আরোপ করা যাইবে। এই ক্ষেত্রে বিদ্যমান কোম্পানী আইন কোন প্রতিবন্ধক হইবে না।

[ব্যাখ্যা।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে- (ক)'কোম্পানী' অর্থ কোনো সংবিধিবদ্ধ সংস্থা এবং কোনো ফার্ম বা ব্যক্তি সংগঠনও উহার অন্তর্ভুক্ত  হইবে, এবং

(খ)  কোনো প্রতিষ্ঠান বা ফার্মের 'পরিচালক', অর্থ উক্ত ফার্মের একজন অংশীদার বুঝাইবে।]

৫০। বিধি প্রণয়নের ক্ষমতা :

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৫১। রহিতকরণ এবং হেফাজত :

(১)) The Printing Presses and publications (Declaration & Registration) Act-1973 (ACT NO. XXIII OF 1973) বা ছাপখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ ) আইন ১৯৭৩ এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এর ৪০ ধারা এবংপাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৯০ ধারা এবং সংশ্লিষ্ট তফসিল এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) এইরূপ রহিত হওয়া সত্ত্বেও, ধারা ৫১ এর উপধারা(১) এ বর্ণিত আইন এর আওতায় সম্পন্ন সকল কার্যক্রম  এই আইনের সংশ্লিষ্ট বিধান অনুসারে প্রদত্ত, স্বাক্ষরিত, প্রমাণীকৃত বা সম্পন্ন বা গৃহীত হইয়াছে মর্মে গণ্য হইবে।

(৩) জেনারেল ক্লজেজ এ্যাক্ট, ১৮৯৭ (১৮৯৭ সনের ১০ নং আইন) এর বিধানসমূহ, উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, এই আইন দ্বারা রহিতকৃত পূর্ববর্তী অধ্যাদেশসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৪) ইতোপূর্বে যাহারা দুই এর অধিক দৈনিক পত্রিকার সম্পাদক এবং দুই এর অধিক দৈনিক পত্রিকার ঘোষণাপত্র নিয়াছেন এই আইন কার্যকর হইবার পর পত্রিকার সম্পাদক ৩ (তিন) মাসের মধ্যে সর্বোচ্চ দুইটি দৈনিকের সম্পাদনা নিজ দায়িত্বে রাখিয়া বাকিগুলি হইতে অব্যাহতি নিবেন।

(৫) এই আইনে যাহা বর্ণিত হয় নাই এইরূপ কোনো বিষয় উত্থাপিত হইলে সরকার যেইরূপ উপযুক্ত বিবেচনা করেন সেইরূপে বিষয়টি নিষ্পত্তি করিতে পারিবেন।

৫২। আইনের প্রাধান্য:

অন্য আইনে যাহাই থাকুক না কেন, সংবাদপত্রে বিজ্ঞাপন বিতরণসহ সংবাদপত্র ও ছাপাখানা সংক্রান্ত বিষয়ে এই আইন প্রাধান্য পাইবে।

উপপরিচালক (নিবন্ধন)
ও প্রকাশনা অধিদপ্তর
মন্ত্রণালয়, ঢাকা

সেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

ও প্রকাশনা অধিদপ্তর
মন্ত্রণালয়, ঢাকা

তফসিল

ফরম ক

( ধারা ৪ দ্রষ্টব্য )

### ছাপাখানা সংরক্ষণকারীর ঘোষণাপত্র

আমি ...... ........ ........... ........... ...... (নাম), পিতা ..... ...... ........ ....... ....... মাতা .......... ............ ঠিকানা.......... ............ , এই মর্মে ঘোষণা করিতেছি যে, ..... ....... ........ .......... ...... স্থানে মুদ্রণের জন্য আমার একটি ছাপাখানা রহিয়াছে।

ফরম খ

( ধারা ৭ দ্রষ্টব্য )

### সংবাদপত্রের মুদ্রাকর এবং / অথবা প্রকাশকের ঘোষণাপত্র

আমি ..... ..... ..... ...... ...... ...... (নাম), পিতা ..... ......... ........ মাতা......... ...... ....... ........ ........... (ঠিকানা) ...... ............... ............ এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি .......... ........... .............. নামক সংবাদপত্রের মুদ্রাকর বা প্রকাশক অথবা মুদ্রাকর এবং প্রকাশক যাহা ............ ........... .............. ............. [4]ঠিকানায় .......... ............ [2]মেয়াদে .............. ................ .... [3]ভাষায় প্রকাশিত হইতেছে এবং মুদ্রিত[1] বা প্রকাশিত অথবা মুদ্রিত ও প্রকাশিত হইত।

*১। যাহা প্রযোজ্য নহে, তাহা কাটিয়া দিতে হইবে।*

*২। এইখানে মেয়াদ কালটি উল্লেখ করিতে হইবে।*

*৩। এইখানে ভাষা বা ভাষাসমূহ উল্লেখ করিতে হইবে।*

*৪। ঐ স্থানের বর্ণনা বা ঠিকানা প্রদান করিতে হইবে যেইখানে মুদ্রণ বা প্রকাশনাটি সম্পন্ন করা হয়।*

ফরম গ

( ধারা ১৬ দ্রষ্টব্য )

### মুদ্রাকর এবং / বা প্রকাশক হিসাবে কর্মকান্ড সমাপ্তকারী ব্যক্তির ঘোষণা

আমি ....... ........ ....... ....... ....... (নাম), পিতা ...... ....... ....... ......... মাতা ...... ....... ........ ঠিকানা......... ........ ......... .......... এই মর্মে ঘোষণা করিতেছি যে, ....... ............ ...... আমি .............. .......... [2]মেয়াদে ........ ........... ............ [3]ভাষায় ............. ............ নামে প্রকাশিত সংবাদপত্রের [1]মুদ্রাকর বা প্রকাশক অথবা মুদ্রাকর এবং প্রকাশক হিসাবে আমার কর্মকান্ড সমাপ্ত করিয়াছি।

*১। যাহা প্রযোজ্য নহে তাহা কাটিয়া দিতে হইবে।*

*২। এইখানে মেয়াদকাল উল্লেখ করিতে হইবে।*

*৩। এইখানে ভাষা বা ভাষাসমূহ উল্লেখ করিতে হইবে।*

[illegible]
উপপরিচালক (নিবন্ধন)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

লেলিনা আকতার
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা

আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন
পরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়, ঢাকা